২৭

দৈনিক সংবাদ

তারিখ ... 04 JAN 1996 ... ...
পৃষ্ঠা · ৫ কলাম ৭ ...

# ভিসি প্রোভিসি'র পুনর্নিয়োগ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আর আই চৌধুরী ও উপ-উপাচার্য অধ্যাপক বদিউল আলমকে চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পুনর্নিয়োগ প্রদান করেছেন। গত ৩০শে ডিসেম্বর তাদের কার্যকালের মেয়াদ শেষ হয়ে গিয়েছিল। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি '৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ লংঘন করে এ ধরনের নিয়োগের নিন্দা জানিয়েছে। সমিতির সভাপতি ডঃ ফসিহ-উল-আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরী সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয়, উপাচার্য প্যানেল মনোনয়নের প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করার কাজে যারা জড়িত সভা তাদের বিরুদ্ধে নিন্দা জ্ঞাপন করছে এবং আইনগত জটিলতার অজুহাতে, ক্ষমতা দীর্ঘায়িত করার যেকোন অপচেষ্টা প্রতিহত করার অঙ্গীকার সমিতি পুনর্ব্যক্ত করছে।